

মুহাম্মদ  
Hoguel/17  
০৪/০২/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৪১.১৭- ০৮

তারিখ: ২৬/১/ ১৪২৪  
০২/০২ ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মুহাম্মদ আবদুল করিম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ(সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বাঘাইছড়ি, রাজামাটি) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) (iv) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ১১/০৬/২০১৭ খ্রি: তারিখে বিভাগীয় মামলা (এইউইও/বিমা-১২/১৭/২৪৭) রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০২/০৭/২০১৭ খ্রি: তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ১১/০৯/২০১৭ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) উপবিধি মোতাবেক জনাব মুহাম্মদ আবদুল করিম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ (সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বাঘাইছড়ি, রাজামাটি) এর ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৪১.১৭- ০৮/১৬

তারিখ: ২৬/১/ ১৪২৪  
০২/০২ ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপপরিচালক, তদন্ত ও শৃঙ্খলা/প্রশাসন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম/সিলেট বিভাগ, সিলেট।
৬. সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ/রাজামাটি।
৮. উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৯. উপজেলা শিক্ষা অফিসার, বাঘাইছড়ি, রাজামাটি।
১০. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, বাঘাইছড়ি, রাজামাটি।
১১. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১২. জনাব মুহাম্মদ আবদুল করিম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ (সাবেক সহকারী উপজেলা শিক্ষা অফিসার, বাঘাইছড়ি, রাজামাটি)।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সংরক্ষণ নথি।



(মো: আবুল কাশেম মিয়া)  
সহকারী পরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
ফোন: ৫৫০৭৪৮৮০